ঢাকা উত্তর সিটি কর্পোরেশন
প্লট-২৩-২৬, রোড-৪৬, গুলশান-২, ঢাকা।
www.dncc.gov.bd

**ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের কার্যক্রমে গতিশীলতা আনয়নের লক্ষ্যে আন্ত:বিভাগীয় সমন্বয় সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোঃ শফিকুল ইসলাম খান, প্রশাসক, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |
| তারিখ | : | ১০ বৈশাখ ১৪৩৩ বঙ্গাব্দ ।। ২৩ এপ্রিল ২০২৬ |
| সময় | : | সকাল ১১:০০ ঘটিকায়। |
| স্থান | : | সভা কক্ষ, ৮ম তলা, নগর ভবন, গুলশান-২, ঢাকা-১২১২ । |

সভায় উপস্থিতির তালিকা পরিশিষ্ট **"ক"**

সভার শুরুতে সভাপতি ঢাকা উত্তর সিটি কর্পোরেশন-এর পক্ষ থেকে উপস্থিত সকল বিভাগীয় প্রধানকে আন্তরিক স্বাগত জানান। তিনি বলেন, নাগরিক সেবার মান সর্বোচ্চ পর্যায়ে উন্নীত করাই আমাদের প্রধান অঙ্গীকার। এ লক্ষ্যে সকলের সম্মিলিত প্রচেষ্টা, আন্তরিক সহযোগিতা এবং পেশাদার মনোভাবের মাধ্যমে একটি আধুনিক ও নাগরিকবান্ধব নগর গড়ে তুলতে তিনি গঠনমূলক মতামত প্রদানের আহ্বান জানান।

সভায় ডিএনসিসির চলমান কার্যক্রমের বর্তমান অবস্থা, বিদ্যমান সমস্যা এবং করণীয় বিষয়ে গুরুত্বসহকারে আলোচনা অনুষ্ঠিত হয়। বিশেষভাবে সড়ক বাতি প্রজ্বলন, জলাবদ্ধতা নিরসন, খাল খনন ও সংস্কার, বৃক্ষরোপণ ও সবুজায়ন, পরিচ্ছন্নতা কার্যক্রম, ঈদুল আযহা উপলক্ষে বর্জ্য অপসারণ, ডেঙ্গু মশা নিয়ন্ত্রণ, মার্কেট নির্মাণ এবং মামলা সংক্রান্ত কার্যক্রম নিয়ে বিস্তারিত পর্যালোচনা করা হয়। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীহ হয়:-

<table>
<tr><td>সিদ্ধান্ত-১</td><td>:</td><td>বিএমটিএফ কর্তৃক বাস্তবায়িত "ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের আওতাধীন এলাকায় এলইডি সড়কবাতি সরবরাহ ও স্থাপন" শীর্ষক প্রকল্পের আওতায় সড়কবাতি প্রজ্বলনে বিদ্যমান সমস্যাসমূহ চিহ্নিতকরণ এবং সমাধানের পরবর্তী করণীয় নির্ধারণের নিমিত্ত নিম্নরূপভাবে কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়:<br><br>
<table>
<tr><th>ক্রম</th><th>কর্মকর্তার পদবী</th><th>কমিটিতে পদবী</th></tr>
<tr><td>১</td><td>প্রধান প্রকৌশলী</td><td>আহ্বায়ক</td></tr>
<tr><td>২</td><td>আইন কর্মকর্তা</td><td>সদস্য</td></tr>
<tr><td>৩</td><td>প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা</td><td>সদস্য-সচিব</td></tr>
</table>
<br>কমিটি আলোচ্য প্রকল্পের আওতায় স্থাপিত সড়কবাতি নিয়ে উদ্ভূত সমস্যা সমাধান কল্পে প্রয়োজনীয় সুপারিশ প্রদান করবেন। কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবেন।</td></tr>
<tr><td>বাস্তবায়ন</td><td>:</td><td>সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।<br>প্রধান প্রকৌশলী, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।</td></tr>
</table>

| | | |
|---|---|---|
| সিদ্ধান্ত-২ | : | প্রধান প্রকৌশলী, প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা, প্রধান স্বাস্থ্য কর্মকর্তা, প্রধান রাজস্ব কর্মকর্তাসহ সংশ্লিষ্ট অন্যান্য কর্মকর্তাগণ শীঘ্রই শাহ আলী মার্কেট পরিদর্শন করবেন। মার্কেট নির্মাণ সংক্রান্তে ড্রইং ও ডিজাইন পর্যালোচনা করে নিরাপদ, টেকসই ও যুগোপযোগী ভবন নির্মাণের জন্য প্রয়োজনীয় সুপারিশ প্রদান করবেন। |
| বাস্তবায়ন | | প্রধান প্রকৌশলী, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।<br>প্রধান রাজস্ব কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |

| | | |
|---|---|---|
| সিদ্ধান্ত-৩ | : | বর্জ্য ব্যবস্থাপনার স্বার্থে মাঠ পর্যায়ে কুইক রেসপন্স টিম রোস্টার ভিত্তিক সার্বক্ষণিক দায়িত্ব পালন করবেন। এ বিষয়ে প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা প্রয়োজনীয় তদারিক ব্যবস্থা গ্রহণ করবেন। অপেক্ষাকৃত কম বয়সী ইয়াং কর্মকর্তা কর্মচারীর সমন্বয়ে কুইক রেসপন্স টিম গঠন করতে হবে। |
| বাস্তবায়ন | : | প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |

| | | |
|---|---|---|
| সিদ্ধান্ত-৪ | : | আসন্ন ঈদুল আযহার বর্জ্য যথাসময়ে সফলভাবে অপসারণের জন্য ১০ অঞ্চলে ১০টি কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়। কমিটি মাঠ পর্যায়ে সার্বিক বর্জ্য ব্যবস্থাপনা কাজের তদারকি করবেন। সৃষ্ট সমস্যা তাৎক্ষনিকভাবে সমাধানের উদ্যোগ গ্রহণ করবেন। |
| বাস্তবায়ন | : | প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |

| | | |
|---|---|---|
| সিদ্ধান্ত-৫ | : | আসন্ন ঈদুল আযহার বর্জ্য অপসারণের বিষয়ে গৃহীত কার্যক্রম সম্পর্কে অবহিত করার নিমিত্ত একটি প্রেস কনফারেন্স এর আয়োজন করতে হবে। |
| বাস্তবায়ন | : | জনসংযোগ কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |

| | | |
|---|---|---|
| সিদ্ধান্ত-৬ | : | আসন্ন ঈদুল আযহার বর্জ্য অপসারণের বিষয়ে আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা,নির্বাহী প্রকৌশলী সহকারী প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা, পরিচ্ছন্ন কর্মকর্তাসহ সংশ্লিষ্ট সকলের সমন্বয়ে প্রশাসক মহোদয় এর সভাপতিত্বে একটি সভার আয়োজন করতে হবে। |
| বাস্তবায়ন | : | প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |

| | | |
|---|---|---|
| সিদ্ধান্ত-৭ | : | আসন্ন বর্ষা মৌসুমে নগরীর জলাবদ্ধতা নিরসনের লক্ষ্যে ২৯টি খাল ও ড্রেনেজ ব্যবস্থা সচল রাখার জন্য প্রয়োজনীয় ক্র্যাশ প্রোগ্রাম অব্যাহত রাখতে হবে। এ লক্ষ্যে, যে সকল পয়েন্টে নিয়মিত পানি জমে বা প্রবাহ বাধাগ্রস্ত হয়, সেসব স্থান চিহ্নিত করে দ্রুত পানি নিষ্কাশনের ব্যবস্থা গ্রহণের জন্য একটি কার্যকর কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়। |
| বাস্তবায়ন | : | প্রধান প্রকৌশলী, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।<br>প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |

| | | |
|---|---|---|
| সিদ্ধান্ত-৮ | : | বর্ষার সময় স্কুল, কলেজ, মাদ্রাসা, ক্যাম্পাস, খেলার মাঠ, হাসপাতাল, পার্ক, খালের দু পাড় ও সরকারি অফিসের খালি জায়গায় সবুজায়নের জন্য বৃক্ষ রোপনের উদ্যোগ গ্রহণ করতে হবে। কোথায়, কি পরিমাণ, কোন জাতের বৃক্ষ রোপন করা হবে, কখন থেকে বৃক্ষ রোপন কার্যক্রম শুরু হবে এ সংক্রান্ত একটি পরিকল্পনা প্রস্তুত করতে হবে। |
| বাস্তবায়ন | : | প্রধান প্রকৌশলী, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |

| | | |
|---|---|---|
| সিদ্ধান্ত-৯ | : | বৃক্ষরোপন কার্যক্রমের একটি ডকুমেন্টারী প্রস্তুত করতে হবে। |
| বাস্তবায়ন | : | জনসংযোগ কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |

| | | |
|---|---|---|
| সিদ্ধান্ত-১০ | : | নগরীর ডেঙ্গু মশা নিয়ন্ত্রণে জনসচেতনার জন্য ৫৪ টি ওয়ার্ডে লিফলেট বিতরণ ও ক্যাম্পেইন করতে হবে। মে মাসের প্রথম সপ্তাহের মধ্যে এ কার্যক্রম শুরু করতে হবে। |
| বাস্তবায়ন | : | প্রধান স্বাস্থ্য কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।<br>আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা,সকল, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |

| | | |
|---|---|---|
| সিদ্ধান্ত-১১ | : | প্রতিদিন দুইটি ট্রাক জনসচেতনতামূলক বার্তা, তথ্যচিত্র ও প্রাসঙ্গিক ছবি দিয়ে সজ্জিত করে ওয়ার্ড পর্যায়ে ডেঙ্গু নিয়ন্ত্রণে সচেতনতামূলক ক্যাম্পেইন পরিচালনা করতে হবে। উক্ত ট্রাকগুলো বিভিন্ন এলাকায় ঘুরে সাধারণ জনগণের মধ্যে ডেঙ্গু প্রতিরোধে করণীয় বিষয়সমূহ সম্পর্কে প্রচার ও উদ্বুদ্ধ করবে। |
| বাস্তবায়ন | : | প্রধান স্বাস্থ্য কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।<br>আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা,সকল, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |

| | | |
|---|---|---|
| সিদ্ধান্ত-১২ | : | মসজিদে নামাজ শেষে সম্মানিত ইমাম সাহেবদের মাধ্যমে ডেঙ্গু প্রতিরোধে প্রয়োজনীয় সচেতনতামূলক বার্তা প্রচার করতে হবে, যাতে ধর্মীয় সমাবেশের মাধ্যমে ব্যাপক জনগোষ্ঠীর কাছে ডেঙ্গু সম্পর্কে কার্যকরভাবে বার্তা পৌঁছে দেয়া যায়। |
| বাস্তবায়ন | : | প্রধান স্বাস্থ্য কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।<br>আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা,সকল, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |

| | | |
|---|---|---|
| সিদ্ধান্ত-১৩ | : | ডেঙ্গু নিয়ন্ত্রণের জন্য ব্যাপক জনসচেতনার জন্য প্রথম আলো, ডেইলী স্টার পত্রিকাসহ টেলিভিশন গুলোতে প্রচার করতে হবে। প্রয়োজনে Youtube এ Non-skipable Advertisement দেয়ার সম্ভাব্যতা যাচাই করতে হবে। |
| বাস্তবায়ন | : | জনসংযোগ কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |

| | | |
|---|---|---|
| সিদ্ধান্ত-১৪ | : | ডেঙ্গু নিয়ন্ত্রণে জনসচেতনার জন্য ডিএনসিসির আওতাধীন ৪৩ টি এলইডি-ডিসপ্লেতে ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে হবে। |
| বাস্তবায়ন | : | প্রধান রাজস্ব কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।<br>জনসংযোগ কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |

| | | |
|---|---|---|
| সিদ্ধান্ত-১৫ | : | বর্জ্য ব্যবস্থাপনায় জনসচেতনার জন্য টেলিভিশনে স্বল্প সময়ের বিজ্ঞাপন প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে হবে। |
| বাস্তবায়ন | : | জনসংযোগ কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |

| | | |
|---|---|---|
| সিদ্ধান্ত-১৬ | : | আগামী সপ্তাহের মধ্যে আইন বিভাগের চলমান মামলাসমূহের তালিকা করে প্রশাসক মহোদয়ের নিকট সারসংক্ষেপ উপস্থাপন করতে হবে। |
| বাস্তবায়ন | : | আইন কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |

| | | |
|---|---|---|
| সিদ্ধান্ত-১৭ | : | প্রতি মাসের প্রথম সপ্তাহে কাজের অগ্রগতি যাচাইয়ের লক্ষ্যে বিভাগীয় সমন্বয় সভা আহ্বান করতে হবে। |
| বাস্তবায়ন | : | সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |
| সিদ্ধান্ত-১৮ | : | ২০২৫-২০২৬ অর্থবছরের মধ্যে কাজ সমাপ্ত করার জন্য নির্ধারিত প্রকল্পসমূহের সকল কার্যক্রম পিপিএ, পিপিআর এবং আর্থিক ক্ষমতা অর্পণসহ অন্যান্য আর্থিক বিধি-বিধান অনুসরণে সমাপ্ত করার জন্য বিভাগীয় প্রধানদের বরাবর পত্র প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। |
| বাস্তবায়ন | : | নিরীক্ষা কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |

আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৫/০৪/২৫

মোঃ শফিকুল ইসলাম খান
ও
সভাপতি
আন্ত:বিভাগীয় সমন্বয় সভা
ঢাকা উত্তর সিটি কর্পোরেশন

নং: ৪৬.১০.০০০০.০০৬.০৬.২৬৫.২০ – ৬৪৭

তারিখ : ২৮/০৪/২০২৬

বিতরণ কার্যার্থে:

.................................................

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. বিভাগীয় প্রধান (সকল), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
২. আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৩. প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর একান্ত সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৪. সিস্টেম এনালিস্ট, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন সভার কার্যবিবরণীটি (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৫. প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর স্টাফ অফিসার, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৬. সহকারী সচিব, সংস্থাপন-১ ও ২, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৭. অফিস কপি।